

যশোর বোর্ডের মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজ এগিয়ে

যশোর ব্যুরো : মেধা তালিকা
অর্জনের দৌড়ে এবার বরিশাল ক্যাডেট
কলেজ পিছনে হটিয়ে দিয়েছে কিনাইদহ
ক্যাডেট কলেজকে। বিজ্ঞান শ্রেণির এক
থেকে বিশ পর্যন্ত স্থান অধিকারী ২৬
জনের ১০ জনই এবার বরিশাল ক্যাডেট
কলেজের। কিনাইদহ ক্যাডেট কলেজের
আছে ৭ জন। যদিও প্রথম, দ্বিতীয়, তৃতীয়
স্থান অধিকার করেছে বিজ্ঞানের সম্মি-
লিত মেধা তালিকায় কিনাইদহ ক্যাডেট
কলেজ।

১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষায়
কিনাইদহ ক্যাডেট কলেজের চেয়ে বরি-
শাল ক্যাডেট কলেজের ফলাফল খারাপ
ছিল। সেবার এক থেকে বিশতম স্থান
অধিকারী ২২ জনের মধ্যে বরিশাল ৬ জন
এবং ৭ জন কিনাইদহের। এই দুই
ক্যাডেট কলেজ যশোর শিক্ষা বোর্ডের
অধীন ইওয়ায় বিজ্ঞান বিভাগের ফলাফল
সাধারণত তাদের অনুকূলেই যায়।

১৯৯৫ সালের তুলনায় এবার যশোর
শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার
ছাত্রছাত্রী সংখ্যা বেশী। এবার ১ লাখ ১৪
হাজার ২২' ২৮ জন পরীক্ষার্থী ছিল।
গতবার এই সংখ্যা ছিল ৯৭ হাজার ৯শ'
৭৭ জন। পাসের হার এবার খুব কম। ১৯
দশমিক ৩৫ শতাংশ। ১৯৯৫ সালে ছিল
৪২ দশমিক ৬২ শতাংশ। ১৯৯৪ সালে
পাসের হার ছিল ৩৪ দশমিক ৬৫
শতাংশ। গত ৩ বছরের তুলনায় এবার
পাসের হার খুব কম।